গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কক্সবাজার

# কক্সবাজার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মুহম্মদ শাহীন ইমরান, জেলা প্রশাসক, কক্সবাজার |
| সভার তারিখ ও সময় | : ১৯ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ, বেলা : ১২.৩০ ঘটিকা |
| সভার স্থান | : শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার সদস্যদের অবগতির জন্য বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সদস্য সচিব সভাকে জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় উফশী আউশ ফসলের আবাদ বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ বাবদ কৃষি মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে প্রণোদনা কর্মসূচির ০১টি বরাদ্দ পাওয়া গিয়েছে। কর্মসূচি বাস্তবায়নের জন্য কৃষি মন্ত্রণালয়, উপকরণ-২ শাখা এর স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২২.৫৮, তারিখ : ১০ মার্চ ২০২৪ খ্রি: মূলে কক্সবাজার জেলায় উফশী আউশ ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি বাবদ ২০,৪৭,৫০০/- (বিশ লক্ষ সাতচল্লিশ হাজার পাঁচশত) টাকার অর্থ বরাদ্দ পাওয়া যায় (পতাকা-গোলাপী)।

## বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়

**সিদ্ধান্ত নং-১ :** কক্সবাজার জেলায় ২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে উফশী আউশ আবাদের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় প্রদত্ত নীতিমালা/বাস্তবায়ন পদ্ধতি (কপি সংযুক্ত) পালন সাপেক্ষে উপজেলার আবাদ উপযুক্ত জমির প্রকৃতি, মাটির ধরণ এবং এলাকার উপযোগিতার ভিত্তিতে উপজেলাভিত্তিক নিম্নবর্ণিত ছক মোতাবেক উপবরাদ্দ দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা |
|---|---|---|
| | | উফশী আউশ |
| ১ | চকরিয়া | ৬০০ |
| ২ | পেকুয়া | ৪০০ |
| ৩ | রামু | ৩০০ |
| ৪ | সদর | ২০০ |
| ৫ | উখিয়া | ২০০ |
| ৬ | টেকনাফ | ৩০০ |
| ৭ | মহেশখালী | ৩০০ |
| ৮ | কুতুবদিয়া | ৬০০ |
| ৯ | ঈদগাঁও | ১০০ |
| | মোট | ৩০০০ |

**জন প্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল : উফশী আউশ**

| ক্র নং | উপকরণ/খাত | উফশী আউশ প্রণোদনা | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (কেজি) | বিঘা প্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | বীজ | ০৫ | ২৫০ |
| ২ | ডিএপি সার | ১০ | ১৯০ |
| ৩ | এমওপি সার | ১০ | ১৮০ |
| | মোট | ২৫ | ৬২০ |

ফসল: উফশী আউশ

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯- বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট (৫+৬) | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৮+৯) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | চকরিয়া | ৬০০ | ১৫০০০০ | ১১৪০০০ | ১০৮০০০ | ২২২০০০ | ২২৫০০ | ১৫০০০ | ৩৭৫০০ | ৪০৯৫০০ |
| ২ | পেকুয়া | ৪০০ | ১০০০০০ | ৭৬০০০ | ৭২০০০ | ১৪৮০০০ | ১৫০০০ | ১০০০০ | ২৫০০০ | ২৭৩০০০ |
| ৩ | রামু | ৩০০ | ৭৫০০০ | ৫৭০০০ | ৫৪০০০ | ১১১০০০ | ১১২৫০ | ৭৫০০ | ১৮৭৫০ | ২০৪৭৫০ |
| ৪ | সদর | ২০০ | ৫০০০০ | ৩৮০০০ | ৩৬০০০ | ৭৪০০০ | ৭৫০০ | ৫০০০ | ১২৫০০ | ১৩৬৫০০ |
| ৫ | উখিয়া | ২০০ | ৫০০০০ | ৩৮০০০ | ৩৬০০০ | ৭৪০০০ | ৭৫০০ | ৫০০০ | ১২৫০০ | ১৩৬৫০০ |
| ৬ | টেকনাফ | ৩০০ | ৭৫০০০ | ৫৭০০০ | ৫৪০০০ | ১১১০০০ | ১১২৫০ | ৭৫০০ | ১৮৭৫০ | ২০৪৭৫০ |
| ৭ | মহেশখালী | ৩০০ | ৭৫০০০ | ৫৭০০০ | ৫৪০০০ | ১১১০০০ | ১১২৫০ | ৭৫০০ | ১৮৭৫০ | ২০৪৭৫০ |
| ৮ | কুতুবদিয়া | ৬০০ | ১৫০০০০ | ১১৪০০০ | ১০৮০০০ | ২২২০০০ | ২২৫০০ | ১৫০০০ | ৩৭৫০০ | ৪০৯৫০০ |
| ৯ | ঈদগাঁও | ১০০ | ২৫০০০ | ১৯০০০ | ১৮০০০ | ৩৭০০০ | ৩৭৫০ | ২৫০০ | ৬২৫০ | ৬৮২৫০ |
| | মোট | ৩০০০ | ৭৫০০০০ | ৫৭০০০০ | ৫৪০০০০ | ১১১০০০০ | ১১২৫০০ | ৭৫০০০ | ১৮৭৫০০ | ২০৪৭৫০০ |

**সিদ্ধান্ত নং-২:** ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA`2006 ও PPR`2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কর্মসূচির অর্থ জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স অফিসারের কার্যালয়,কক্সবাজার হতে অগ্রিম উত্তোলন সাপেক্ষে যথাশীঘ্র উপকরণ ব্যয়, পরিবহন ও আনুষঙ্গিক খাতের অর্থ চেকের মাধ্যমে উপজেলায় প্রদানের সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত নং-৩:** খরিপ-১ মৌসুমে অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক ০১ বিঘা জমির জন্য ০৫ কেজি উফশী আউশ বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার সহায়তা পাবেন এবং উপকরণ বিতরণে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কারিগরি সহায়তা প্রদান করবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘা জমির জন্য উপরকণ সহায়তা প্রদান করা যাবে।

**সিদ্ধান্ত নং-৪:** স্থানীয় উপযোগীতার ভিত্তিতে অধিক ফলনশীল উফশী আউশ ধানের প্রত্যায়িত/মানঘোষিত বীজ (জাত : ব্রিধান-৪৮/ ব্রিধান ৮২/ব্রিধান ৮৫/ব্রিধান ৯৮/বিনাধান ১৯/ বিনাধান ২১) বিএডিসি/ডিএই-র 'আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম, পাট বীজ উৎপাদন, বিতরণ ও সংরক্ষণ প্রকল্প' হতে (জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী) নির্ধারিত মূল্যে সংগ্রহ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৫ :** এ কর্মসূচির আওতায় জেলা ভিত্তিক জাতওয়ারী সংযুক্ত বিভাজন অনুযায়ী বিএডিসি (৯০%) এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের 'আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম, পাট বীজ উৎপাদন, বিতরণ ও সংরক্ষণ প্রকল্প এর (১০%) তালিকাভুক্ত বীজ উদ্যোক্তগণের নিকট হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষা সাপেক্ষে উফশী আউশ বীজ সংগ্রহ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৬:** এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য উফশী আউশ বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে। বীজ ও সার কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

**সিদ্ধান্ত নং-৭:** প্রতি ব্লকে উফশী আউশ চাষের উপযোগী জমি ও উপর্যুক্ত আগ্রহী কমপক্ষে ১০ জন কৃষক নির্বাচন করা যাদের পাশাপাশি আবাদি জমি থাকবে এবং যারা দলবদ্ধ কাজ করবে।

**সিদ্ধান্ত নং-৮:** কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক গম, ভুট্টা, সরিষা ও চিনাবাদাম বীজ ও প্রয়োজনীয় সার বিতরণ করে মাস্টাররোলের কপি ও অর্থ খরচের সমন্বয় বিল/ভাউচার (প্রতিটির ০২ কপি) জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিবের নিকট উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৯:** এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি উপজেলা কৃষি অফিসারদের নিশ্চিত করতে হবে।

সভাপতি বীজ ও সার বিতরণে যাতে কোন অনিয়ম না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে কর্মসূচির রোডম্যাপ অনুযায়ী যথাযথ বাস্তবায়নের জন্য সকলকে তাগিদ ও পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

02/08/2028

মুহম্মদ শাহীন ইমরান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার

স্মারক নং : ১২.০১.২০২২.০৪১.৮২.০৭৮.২৩ 204    তারিখ : 02/08/2028খ্রিঃ

অবগতি ও দ্রুত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১-৯। চেয়ারম্যান, ......................... উপজেলা পরিষদ (সকল), কক্সবাজার
১০-১৮। উপজেলা নির্বাহী অফিসার, ...................... (সকল), কক্সবাজার
১৯-২৭। উপজেলা কৃষি অফিসার, ........................ (সকল), কক্সবাজার
২৮। সিনিয়র সহকারী পরিচালক(বীজ)/উপসহকারী পরিচালক(সার)বিএডিসি,কক্সবাজার (উপজেলা কৃষি অফিসার এর মনোনিত বাহক মারফত প্রণোদনার প্রয়োজনীয় বীজ ও সার সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা
দৃষ্টি আকর্ষণ : উপপরিচালক (মনিটরিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৫। জেলা মৎস্য কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, কক্সবাজার
৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৮। অফিস নথি

02/08/2028

মোঃ কবির হোসেন
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।

02/08/28